দৈনিক
ইনকিলাব

তারিখ 07 NOV 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাকা আন্তর্জাতিক শিক্ষা মেলা শুরু



*ইনকিলাব : রাজধানীর বসুন্ধরা সিটি কমপ্লেক্সে শিক্ষা মেলার একটি স্টলে কয়েকজন শিক্ষার্থী*

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর বসুন্ধরা সিটির লেভেল সেভেনে গতকাল (বৃহস্পতিবার) থেকে শুরু হয়েছে চার দিনব্যাপী 'ঢাকা আন্তর্জাতিক শিক্ষা মেলা-২০০৮'। চতুর্থবারের মতো এ মেলার আয়োজন করেছে ইউ্রি সলিউশন। দেশ-বিদেশের পঞ্চাশটিরও বেশী শিক্ষা প্রতিষ্ঠান, কাউন্সিলিং ফার্মসহ মোট একশ'টিরও বেশী স্টল মেলায় স্থান পেয়েছে। স্টলগুলোতে তথ্য জানার ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নতমানের সেবা। এ মেলা থেকে শিক্ষার্থীরা ভর্তি সংক্রান্ত প্রতিটি বিষয়ে বিস্তারিত জানতে পারবেন। স্টলগুলোতে দেশ-বিদেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ের পরিচিতিসহ শত প্রকার কোর্সের অফার রয়েছে। মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে। গতকাল (বৃহস্পতিবার) মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এসএমএ ফায়েজ। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ফায়েজ দেশে বিরাজমান শিক্ষা ব্যবস্থার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি ছাত্র সমাজকে আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও সমাজের সেবায় এগিয়ে আসার জন্য আহবান জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউ্রি সলিউশনের চেয়ারম্যান একেএম ফজলে রাব্বী, ব্যবস্থাপনা পরিচালক রেজাউল করিম প্রমুখ।